

বৈশিষ্ট্য ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম ... ১৬.....

সদরপুরের আমিরাবাদ বিদ্যালয়টি খালের ভাঙ্গনের মুখে

সদরপুর (ফরিদপুর) থেকে সংবাদদাতা ॥ বিদ্যাপীঠ আমিরাবাদ ফজলুল হক পাইলট উচ্চ
ফরিদপুর জেলার সদরপুর উপজেলার শ্রেষ্ঠ বিদ্যালয়ের সম্মুখ ভাগ আমিরাবাদ খালের প্রবল



সদরপুরঃ খালের পাশে আমিরাবাদ হাইস্কুলের বর্তমান অবস্থা -ইত্তেফাক

ভাঙ্গনের মুখে। জরুরীভাবে বিদ্যালয়টির ভাঙ্গনরোধে পাইলিং করে মাটি ভরাটের প্রয়োজন। জানা গেছে, ১৯৫৪ সালে প্রতিষ্ঠিত সদরপুরের শ্রেষ্ঠ বিদ্যাপিঠ আমিরাবাদ হাই স্কুলটিতে বর্তমানে ৭ শতাধিক ছাত্র-ছাত্রী লেখা পড়া করছে। লেখাপড়ার মানও সন্তোষজনক। উক্ত বিদ্যালয়টির সম্মুখ ভাগের রাস্তা, মূলভবন ও পাশের একটি মসজিদ গত ২ বছর যাবৎ চৈতর কোল থেকে ভুবনেশ্বর নদী পর্যন্ত আমিরাবাদ খালের প্রবল শ্রোতে ভেঙ্গে যাচ্ছে। আগামী বর্ষা মৌসুমে বিদ্যালয়ের প্রধান ভবনসহ বিদ্যালয়ের সিংহভাগ এলাকা ভাঙ্গনে ভেঙ্গে যাওয়ার সম্ভবনা। হেরিং বস্ত করা মূল রাস্তাটি শ্রোতে ভেঙ্গে যাওয়ায় ছাত্র-ছাত্রীরা একটি বাঁশের সঁকো দিয়ে যাতায়াত করছে। বর্তমান শুষ্ক মৌসুমে বিদ্যালয়টির ভাঙ্গন এলাকায় পাইলিং করে মাটি ভরাটের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ ও স্থানীয় মহলের জোর দাবি রয়েছে।